গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২১.০০.০০০০.৩০৯.১৪.০০৩.২০১৭- ২৩ তারিখ: ০৭-০২-২০১৮ খ্রিষ্টাব্দ।

**বিষয়: "বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন"-শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক প্রণীত উক্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যাবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৭ (সাত) পাতা

07-02-2018

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক
ফোন: ০১৭১৭২৫৮৯৯৬

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩। প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন",পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
২। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৩। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## প্রকল্প পরিবীক্ষণ ছক

**পরিদর্শনের তারিখ:** ১৮/০১/২০১৮ খ্রী:

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম:** মো: মশিউর রহমান খান মিথুন **পদবী:** সহকারী পরিচালক **সেক্টর:** পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮

### ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩.

৩ ১.অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): বাংলাদেশ সরকারের অনুদান।

৩ ২.উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.

৪ ১.উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

৪ ২.বাস্তবায়নকারী সংস্থা: পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৪৮৯৮.০০ | ৪৮৯৮.০০ | - | - | অক্টোবর, ২০১৬ হতে জুন, ২০২১ | ২৮/১২/২০১৬ | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় ........প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে) :

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | বান্দরবান সদর, রৌয়াংছড়ি, রুমা, থানচি, লামা, আলীকদম ও নাইক্ষংছড়ি | - | - |

৭. **প্রকল্প এলাকাভিত্তিক ডিপিপি'র সংস্থান:** অনুমোদিত ডিপিপি'তে বান্দরবান জেলার বান্দরবান সদর, উপজেলার জন্য ৩৫৮.৬৫ লক্ষ টাকা, রৌয়াংছড়ি উপজেলার জন্য ৭৯৩.২১ লক্ষ টাকা, রুমা উপজেলার জন্য ১০৫৩.৯৪ লক্ষ টাকা, থানচি উপজেলার জন্য ৮০২.৪৫ লক্ষ টাকা, লামা উপজেলার জন্য ৮৫৮.০০ লক্ষ টাকা, আলীকদম উপজেলার জন্য ৬৮৬.৭৫ লক্ষ টাকা এবং নাইক্ষংছড়ি উপজেলার

জন্য ২৮৪.৫০ লক্ষ টাকা সংস্থান রয়েছে।

৭.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** পার্বত্য চট্টগ্রামের তিন পার্বত্য জেলার মধ্যে বান্দরবান অন্যতম। এর মোট আয়তন ৪,৭৪৯ বর্গ কিলোমিটার। লোক সংখ্যা ৩,৮৮,৩৩৫ জন। এখানে বাঙ্গালী জনগোষ্ঠির পাশাপাশি ১১ টি ক্ষুদ্র ক্ষুদ্র নৃ-গোষ্ঠির বসবাস। এরা হচ্ছে মারমা, মুরং, ত্রিপুরা, চাকমা, তনচংগ্যা,বম,খিয়াং, চাক, খুমী, লুসাই ও ম্রো। এ জেলার ভূ-প্রকৃতি অন্য দুই পার্বত্য জেলা এবং দেশের অন্যান্য জেলার তুলনায় ভিন্ন। ৮০% এলাকা জুড়ে রয়েছে সুউচ্চ পাহাড় এবং বিস্তীর্ণ বনভূমি। শঙ্খ বা সাংগু, মাতামুহুরী এবং বাক খাল এ জেলার প্রধান নদনদী। দেশের সর্বোচ্চ শৃংগগুলোর অধিকাংশই এ জেলায় অবস্থিত। এখানে রয়েছে প্রাকৃতিক হ্রদ বগালেইক। এছাড়াও রয়েছে ছোট ছোট জলপ্রপাত। এসব প্রাকৃতিক সৌন্দর্যের টানে এখানে প্রতি বছর প্রচুর সংখ্যক দেশী-বিদেশী পর্যটক এবং প্রকৃতি প্রেমীর সমাগম ঘটে থাকে। কিন্তু দুর্গম যাতায়াত ব্যবস্থার কারণে এ এলাকার প্রত্যন্ত অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক অবস্থা নিম্নতম পর্যায়ে। সরকারী ও বেসরকারী সেবা প্রত্যন্ত অঞ্চলে পৌছানো প্রায় দুরূহ ব্যাপার। প্রত্যন্ত এলাকা হতে উপজেলা সদরে যাতায়াতের একমাত্র মাধ্যম মাটির পায়ে হাটা পথ। এতে সময় লাগে প্রায় ৫ থেকে ৬ ঘন্টা। এসব বিষয়াদি বিবেচনা করে উক্ত প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৪৮৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০১৬ থেকে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮. **প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):**

- প্রত্যন্ত এলাকার ৫২৮০ টি পরিবারের সাথে উপজেলা সদরের যোগাযোগ স্থাপন;
- সামাজিক সেবা সরবরাহ প্রতিষ্ঠানে সহজে যোগাযোগ স্থাপন (স্কুল, স্বাস্থ্য কেন্দ্র, বাজার ইত্যাদি);
- পারিবারিক আয়ের পরিমান বৃদ্ধি করা;
- চরম দারিদ্র্যতা হ্রাস করা;
- স্থানীয় কৃষি ও অন্যান্য পণ্যের বাজার সৃষ্টিতে সহায়তা করা;
- পর্যটনের সুযোগ সৃষ্টি করা;

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৯. **প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অঙ্গের নাম | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর/২০১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | | | |
| | **সরবরাহ ও সেবাঃ** | | | | | | | | |
| ১। | ডাক মাশুল | ০.৫০ | থোক | - | - | ০.১০ | ২০% | ০.০৩ | ৩০% |
| ২। | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ১.৫০ | থোক | - | - | ০.৩০ | ২০% | - | - |
| ৩। | মুদ্রণ ও প্রকাশনা | ২.০০ | থোক | ০.৭৫ | ৩৭.৫০ % | ০.৬০ | ৩০% | ০.১৫ | ২৫% |
| ৪। | ষ্টেশনারী | ৩.০০ | থোক | ০.৭৭ | ২৫.৬৭% | ০.৭৫ | ২৫% | ০.১৯ | ২৫.৩৩% |
| ৫। | প্রচার ও বিজ্ঞাপন | ৩.৫০ | থোক | ১.৮৮ | ৫৩.৭১% | ১.৬২ | ৪৬.২৯% | ০.৪০ | ২৪.৬৯% |
| ৬। | আপ্যায়ন ব্যয় | ৭.০০ | থোক | ০.৩০ | ৪.২৯% | ১.৫০ | ২১.৪৩% | ০.৩৭ | ২৪.৬৭% |
| ৭। | সম্মানী | ১০.০০ | থোক | ০.৩০ | ৩% | ১.৭৮ | ১৭.৮০% | ০.৪৪ | ২৪.৭২% |
| ৮। | অন্যান্য ব্যয় | ০.২০ | থোক | - | - | ০.১০ | ৫০% | - | - |
| | **উপ-মোট:** | ২৭.৭০ | | ৪.০০ | ১৪.৪৪% | ৬.৭৫ | ২৪.৩৭% | ১.৫৮ | ২৩.৪১% |
| | **মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসনঃ** | | | | | | | | |
| ৯। | **যানবাহন** | ১.০০ | থোক | - | - | ০.২৫ | ২৫% | - | - |
| ১০। | **মধ্যবর্তী মূল্যায়ন** | ৫.০০ | - | - | - | - | - | - | - |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উপ-মোট রাজস্বঃ | ৩৩.৭০ | - | ৪.০০ | ১১.৮৭% | ৭.০০ | ২০.৭৭% | ১.৫৮ | ২২.৫৭% |

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অঙ্গের নাম | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর/২০১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১। | **(খ) মুলধন খাতঃ** | | | | | | | | |
| | **সম্পদ সংগ্রহ/ ক্রয়ঃ** | | | | | | | | |
| | (১)মোটর সাইকেল-১২৫ সিসি ( রেজিস্ট্রশন সহ) | ৪.০০ | ০২ টি | - | - | ২.০০ | ৫০% | - | - |
| | (২)কম্পিউটার | ০.৬৫ | ০১টি | - | - | ০.৬৫ | ১০০% | - | - |
| | (৩)প্রিন্টার | ০.১৫ | ০১টি | - | - | ০.১২ | ১০০% | - | - |
| | (৪)অফিস সরঞ্জাম | ১.০০ | থোক | - | - | ০.৫০ | ৫০% | - | - |
| | (৫)আসবাবপত্র | ১.০০ | থোক | - | - | ১.০০ | ১০০% | ০.২৫ | ২৫% |
| ১২। | **নির্মাণ ও পূর্তঃ** | | | | | | | | |
| | (১)মাটির কাজ — মাটি কাটা | ৪২৮.০০ | ১০৬৮৪২.১৩ ঘন মিটার | ১৮২.৭০ | ৪২.৬৯% | ১৫১.০০ | ৩৫.২৮% | ৩৭.৭৫ | ২৫% |
| | মাটি ফিলিং | ৫০.০০ | ২১২৭.৬৫ ঘন মিটার | ৫.০০ | ১০% | ১৮.৩০ | ৩৬.৬০% | ৪.৫৭ | ২৪.৯৭% |
| | (২)এইচবিবি সড়ক | ২০৩৮.৯০ | ৫১ কিঃ মিঃ | ২০৭.৮৯ | ১০.২০ % | ৪০৭.৮০ | ২০% | ৭৯.৪৯ | ১৯.৪৯% |
| | (৩)সেতু নির্মাণ | ১১৭০.০০ | ৭.৬৮ মিঃ | ৩৯.৯৯ | ৩.৪২% | ২৯২.৫০ | ২৫% | ৪৩.১৩ | ১৪.৭৫% |
| | (৪)কালভার্ট | ৩৮১.৩০ | ১০.০০ মিঃ | ১৯.৭০ | ৫.১৭% | ৯০.১০ | ২৩.৬৩% | ২২.৫২ | ২৪.৯৯% |
| | (৫)ড্রেইন | ৩৪৯.০০ | ৮৯৬.০৩ মিঃ | ২১.২০ | ৬.০৭% | ৭০.০০ | ২০.০৬% | ১৭.৫০ | ২৫% |
| | (৬)আসিসি রিটেইনিং ওয়াল | ২৪৭.০০ | ২০.০০ মিঃ | ১০.২৭ | ৪.১৬% | ৮৭.০০ | ৩৫.২২% | ২১.৭৫ | ২৫% |
| | (৭)ব্রীক রিটেইনিং ওয়াল | ১৭৩.৩০ | ২০.০০ মিঃ | ৪.২৫ | ২.৪৫% | ৬০.০০ | ৩৪.৬২% | ১৫.০০ | ২৫% |
| | **উপ-মোট মুলধনঃ** | ৪৮৪৪.৩০ | - | ৪৯১.০০ | ১০.১৪% | ১১৮১.০০ | ২৪.৩৮% | ২৪১.৯৬ | ২০.৪৯% |
| | (গ) প্রাইস কনটিনজেন্সী | ২০.০০ | থোক | - | - | - | - | - | - |
| | **সর্বমোট (ক+খ+গ)** | ৪৮৯৮.০০ | ১০০% | ৪৯৫.০০ (১০.১১%) | ১১.৭৮% | ১১৮৮.০০ | ৩১.৮৪% | ২৪৩.৫৪ | ২৫.৫৮% |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১০. **প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি:** অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৫.০০ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ১০.১১% এবং বাস্তব অগ্রগতি ১১.৭৮%। উল্লেখ্য, প্রকল্পটির মেয়াদকাল জুন ২০২১ পর্যন্ত নির্ধারিত রয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি'তে ১১৮৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যার বিপরীতে ৫৯৪.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে। অতিবৃষ্টির কারনে ২/৩ মাস কাজ বন্ধ থাকায় ডিসেম্বর'১৭ পর্যন্ত ২৪৩.৫৪ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে। সার্বিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় প্রকল্পের অগ্রগতি মন্থর মর্মে প্রতীয়মান হয়।

**১১. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকা)

| মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি'তে আর্থিক সংস্থান | এডিপি/আরডিপিপি'র বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | ব্যয়িত অর্থের পরিমান | অব্যয়িত অর্থ সমর্পন সংক্রান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪৮৯৮.০০ | ২০১৬-২০১৭ | ৪৮৭.৩৯ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ | - |
| | ২০১৭-২০১৮ | ১১৮৮.৬০ | ১১৮৮.০০ | ৫৯৪.০০ | ২৪৩.৫৪ (ডিসেম্বর'২০১৭ পর্যন্ত) | - |
| | উপমোট: | **১৬৭৫.৯৯** | **১৬৮৩.০০** | **১০৮৯.০০** | **৭৩৮.০০** | **-** |
| | ২০১৮-২০১৯ | ১২৬১.০২ | - | - | - | - |
| | ২০১৯-২০২০ | ৮৭৭.৭০ | - | - | - | - |
| | ২০২০-২০২১ | ১০৮৩.২৯ | - | - | - | - |
| **সর্বমোট:** | | ৪৮৯৮.০০ | **১৬৮৩.০০** | **১০৮৯.০০** | **৭৩৮.০০** | **-** |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১২. **পরিদর্শন:** গত ১৮/১/২০১৭ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির লামা উপজেলার সরই ইউনিয়ন পরিষদ হতে হাসানভিটা রাস্তার মাথা পর্যন্ত রাস্তা নির্মাণ কাজের কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, ইউনিট অফিস, বান্দরবান জেলার নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

১২.১ **অনুমোদিত কাজের পরিমান ও আর্থিক সংস্থান:** প্রকল্পটির আওতায় বান্দরবান জেলার বান্দরবান সদর, রৌয়াংছড়ি, রুমা, থানচি, লামা, আলীকদম ও নাইক্ষংছড়ি উপজেলার জন্য অনুমোদিত ডিপিপি'তে ১০ টি সড়ক ও ২টি ব্রীজ নির্মাণের সংস্থান রয়েছে। সড়কের মোট দৈর্ঘ্য ৫১ কিঃমিঃ ও ব্রীজের দৈর্ঘ্য ১০০ মিঃ। এছাড়া সড়ক সংশ্লিষ্ট মাটিকাটা, মাটি ভরাট কাজ, কালভার্ট, ক্রস ড্রেইন, ব্রীজ নির্মাণ, ব্রিক রিটেইনিং ওয়াল, আরসিসি রিটেইনিং ওয়াল ইত্যাদি কাজ অন্তর্ভুক্ত রয়েছে। একাজ বাবদ ডিপিপিতে মোট ৪৮৯৮.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকল্পটির ক্রয় সংক্রান্ত অগ্রগতি এবং পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.২ **স্কিমের নাম:** প্রকল্পের আওতায় "লামা উপজেলার সরই ইউনিয়ন পরিষদ হতে হাসানভিটা পর্যন্ত এইচবিবি সড়ক নির্মাণ" (চেইনেজ ০.০০ কিঃমিঃ হতে ১.২৫ কিঃমিঃ, আর সি সি বক্স কালভার্ট, আর সি সি রিটেইনিং ওয়াল, ব্রীক রিটেইনিং ওয়াল, ক্রস ড্রেইন, মাটিকাটা ও মাটি ভরাট কাজ (লট নং-০৭)।

১২.৩ **দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া:** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ হতে জানা যায় যে, 'দৈনিক সোনালী বার্তা' পত্রিকায় ২৩/০২/২০১৭ ইং তারিখে, 'দি ডেইলি মনিং অবজারভার' পত্রিকায় ২৩/০২/২০১৭ ইং তারিখে এবং 'দৈনিক নতুন বাংলাদেশ' পত্রিকায় ২৩/০২/২০১৭ ইং তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত ০৩টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়েছে। রেসপনসিভ ০৩টি দরপত্রের মধ্যে সর্বনিম্ন টেন্ডারার মেসার্স নাজমুল হক, টেকপাড়া, কক্সবাজার শীর্ষক প্রতিষ্ঠানকে ৯৯,৫১,৬৯০.৩৯ (নিরানব্বই লক্ষ একান্ন হাজার ছয়শত নব্বই টাকা উনচল্লিশ পয়সা) মূল্যে, পরীক্ষা নিরীক্ষান্তে সঠিক এবং প্রাক্কলিত দরের চেয়ে নিম্নদর হওয়ায় দরপত্রটি গ্রহণের সুপারিশ করা হয়।

১২.৪ **বাস্তব কাজ অবলোকন:** সড়কটি লামা উপজেলার সরই ইউনিয়ন পরিষদ হতে হাসানভিটা পর্যন্ত মোট দৈর্ঘ্য ৫.৫০ কিঃমিঃ যার মধ্যে ১.২৫ কিঃমিঃ সড়ক ১টি প্যাকেজের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, সড়কের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সড়কটির পাশদিয়ে একটি ছোট পাহাড়ী জলস্রোত প্রবাহমান আছে। জলস্রোতের ভাঙ্গন থেকে সড়কটি রক্ষা করার জন্য ৪টি স্থানে প্রায় ১০ মিটার ও প্রায় ১৫ মিটারের ২টি আসিসি রিটেইনিং ওয়াল এবং প্রায় ৩০ মিটার ও প্রায় ১২ মিটারের ২টি ব্রীক রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। এছাড়া সড়কটির নীচ দিয়ে পানি প্রবাহের জন্য ১৫ টি ক্রস ড্রেইন নির্মাণ করা হয়েছে।

১৩. (ক) টিএপিপি/ডিপিপি তে মোট প্যাকেজ সংখ্যা: ৭টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| ১ | ২৩/০২/২০১৭ ইং | ৯৯,৫১,৬৯০.৩৯ | - | - | - |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১৪. **প্রকল্প** পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| - | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, নির্বাহী প্রকৌশলী | ১২/১/২০১৭ ইং | অতিরিক্ত | হ্যাঁ | ২ |

**তথ্য** সূত্র: প্রকল্প কার্যালয়

১৫. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়।
১৬. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: অডিট আপত্তি নাই।
১৭. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত: অনুষ্ঠিত হয়নি।
১৮. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): প্রযোজ্য নয়।

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৯. (ক) **পরিদর্শনকৃত এলাকা:** লামা উপজেলাধীন সরই ইউনিয়ন পরিষদ হতে হাসানভিটা।
(খ) **পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ :** প্রযোজ্য নয়।

২০. **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:**

ক. **অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন:** প্রকল্পটির অঙ্গভিত্তিক কার্যক্রম ডিপিপি'র সংস্থান অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে।

খ. **পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:** পরিদর্শনের সময় ক্রয়কৃত প্যাকেজসমূহের নথিপত্র পর্যালোচনা করে দেখা যায়- ক্রয়কৃত প্যাকেজসমূহের ক্রয় সংগ্রহ প্রক্রিয়া প্রচলিত বিধি অনুসরণ করে সকল প্রক্রিয়া সম্পন্ন করা হলেও দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়নি।

গ. **গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):** প্রযোজ্য নয়।

- সম্পাদিত কাজ:
- ব্যবহৃত পণ্য/ উপকরণ:

ঘ. **সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে):** পরিদর্শনের সময় নির্মাণ কাজের অগ্রগতির সাথে পরিমাপ বইয়ের (Measurement Book) তথ্যাদি যাচাই করা হয়। যাচাইকালে দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী জানান যে, নিয়ম/বিধি অনুযায়ী যথাসময়েই পরিমাপ বই হালনাগাদ করা হয়। নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি এবং পরিমাপ বইয়ে প্রতিফলিত তথ্যাদি সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

ঙ. **বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):** অতিবৃষ্টি ও পাহাড় ধ্বসের কারনে জুন হতে আগস্ট ২০১৭ পর্যন্ত প্রকল্পের চলমান কাজ বন্ধ থাকে।

চ. **সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):** পরিদর্শনের সময় দুই জন স্থানীয় জনপ্রতিনিধি এবং একজন ডিম ব্যবসায়ীর সাথে আলোচনা করা হয়। জনপ্রতিনিধি জনাব ফরিদুল আলম (চেয়ারম্যান, সরা ইউনিয়ন পরিষদ), শিউলী আক্তার (মহিলা মেম্বার) এবং ডিম ব্যবসায়ী মো: তাজউদ্দীন বলেন, বর্ষাকালে প্রচুর কাঁদা থাকায় সড়কটির ব্যবহার খুবই কষ্টসাধ্য ছিল। ফলে তারা উৎপাদিত পণ্য যথাসময়ে বাজারজাত করতে না পারায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হতো। বর্তমানে সড়ক নির্মীত হওয়ায় তারা অতি সহজে উপজেলা সদরের সাথে যোগাযোগসহ উৎপাদিত পণ্য বাজার করতে পারছেন। তবে সড়কটির নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হলে সড়ক ব্যবহারকারী জনসাধারণ আরো সুবিধা পেতো।

ছ. **অন্যান্য বিষয় (যদি থাকে):** প্রযোজ্য নয়।

২১. **সার্বিক পর্যবেক্ষণ:**

পরিদর্শন পর্যবেক্ষণ ও বাস্তবায়নে সমস্যা:

২১.১ **পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ধীরগতি:** প্রকল্পটি ৫টি অর্থবছরে বাস্তবায়নের জন্য ৪৮৯৮.০০ লক্ষ টাকা ব্যয়ে ৫১ কিলোমিটার সড়ক এবং ২২৫ মিটার ব্রীজ নির্মাণের সংস্থান রাখা হয়। তন্মধ্যে ২টি অর্থবছরে ডিপিপি'র সংস্থান রাখা হয় ১৬৭৫.৯৯ লক্ষ টাকা, এডিপি/আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয় ১৬৮৩.০০ লক্ষ টাকা (৩৪.৩৬%)। ডিপিপি'র সংস্থান অনুযায়ী বরাদ্দ প্রদান করা হলেও

ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৩৮.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ৪৩.৮৫% এবং মোট প্রকল্প ব্যয়ের ১৫.০৬%।

২১.২ **Feasibility, Technical দিক অনুস্থিত থাকা:** প্রকল্পটি গ্রহণের পূর্বে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন জন সদস্য দ্বারা এ সম্ভাব্যতা যাচাই পূর্বক সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা হয়। লক্ষ্য করা যায় যে, সম্ভাব্যতা যাচাই সমীক্ষা প্রতিবেদনটির বেশ কিছু দিক ত্রুটিপূর্ণ ছিল। অনুমোদিত প্রকল্পের উৎপাদন উপকরনসমূহ সঠিক মূল্যে পাওয়া যাবে কিনা তথা প্রকৌশলগত নকশা, প্রযুক্তি, বিকল্প উপকরণ সংগ্রহ পন্থা, প্রকল্পের অবস্থান এবং বাজারজাতকরণের সুবিধাদি ইত্যাদি পরীক্ষা করে প্রকল্পের যৌক্তিকতা নির্ণয়ক কাজটি মূলতঃ অনুপস্থিত রয়েছে মর্মে প্রতীয়মান হয়। ফলে সম্ভাব্যতা যাচাই কমিটির প্রতিবেদনের সুপারিশসমূহ অত্যন্ত দুর্বল হয়, যার আলোকে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

২১.৩ **ত্রুটিপূর্ণ ড্রইং, ডিজাইন ও ব্যয়** প্রাক্কলন: ত্রুটিপূর্ণ পরিকল্পনায় বাস্তবায়ন কৌশল নির্ধারণ করা হয়। ফলে ড্রইং ও ডিজাইনের ভিত্তিতে যে ব্যয় প্রাক্কলন করা হয়েছে তা সবই ত্রুটিপূর্ণ থেকে যায়;

২১.৪ **সড়কের আইডি নম্বর ও** সড়কের চেইনেজ **সংক্রান্ত:** বান্দরবান জেলার ৭টি উপজেলায় ১০ টি সড়ক নির্মাণের সংস্থান রয়েছে যার মোট দৈর্ঘ্য ৫১ কিঃমিঃ। এ সড়কসমূহের জন্য একটি মাত্র আইডি নম্বর ব্যবহার করা হয়েছে। অথচ ডিপিপি'তে ভিন্ন ভিন্ন উপজেলায় ১০টি ভিন্ন ভিন্ন সড়কের নাম উল্লেখ থাকলেও আইডি নম্বরের ভিন্নতা রাখা হয়নি। এছাড়া একই সড়ক একাধিক প্যাকেজে বিভক্ত করে ক্রয় করা হলেও চেইনেজ উল্লেখ করা আবশ্যক।

২১.৫ **সিপিটিইউ এর ওয়েব সাইটে** দরপত্র **বিজ্ঞপ্তি প্রকাশ না করা:** লামা উপজেলাধীন স্কিমটির দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়নি;

২১.৬ **মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ না করাঃ** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির তথ্য আইএমইডি'র ছক-০৫ ও ছক-০৩ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় থেকে আইএমইডি'তে নিয়মিত ভাবে প্রেরণ করা হয় না। ফলে বিভিন্ন সময়ে জাতীয় সংসদ, একনেকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দফতরের চাহিদামত তথ্য সরবরাহে সমস্যার সম্মুখীন হতে হয়।

২২. **প্রকল্প** পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



চিত্র-১: এইচবিবি সড়কের শুরুরদিকের একাংশ।



চিত্র-২: ব্রীক রিটেইনিং ওয়াল।



চিত্র-৩: আর সি সি রিটেইনিং ওয়াল।



চিত্র-৪: এইচবিবি সড়কের শেষদিকের একাংশ।

২৩. **সুপারিশ:**

২৩.১ ডিপিপি'র সংস্থান অনুযায়ী এডিপিতে বরাদ্দ প্রদান করা হলেও ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে বাস্তব কাজ শুরু করতে বিলম্ব হওয়ায় প্রকল্পের বাস্তব অগ্রগতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্ভব হয়নি। অর্থবছরের শুরুতে work plan অনুমোদন ও ক্রয় প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তব অগ্রগতি অর্জন সম্ভব হত। ভবিষ্যতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে এ দুটি বিষয় যথাসময়ে সম্পন্ন করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৩.২ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে মানসম্মত সম্ভাব্যতা যাচাই পূর্বক সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন, সড়কের প্রকৃত দৈর্ঘ্য নিরুপণ, বাস্তবতার নিরিখে ব্যয় প্রাক্কলন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প নিতে হবে যাতে উদ্ভূত সমস্যার পুনরাবৃত্তি না হয়;

২৩.৩ প্রকল্প প্রণয়নের সময় প্রতিটি সড়কের আইডি নম্বর নিশ্চিতকরণ এবং বাস্তবায়ন পর্যায়ে সড়কের ধারাবাহিকতা রক্ষার্থে ক্রয়কৃত প্যাকেজের অগ্রগতি ও পরিমাপ নির্ণয়ের জন্য সড়কের চেইনেজ উল্লেখ করা গুরুত্বপূর্ণ বিষয়। বাস্তবায়নাধীন এ প্রকল্পটির আইডি নম্বর ও চেইনেজ প্রতিফলন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৩.৪ নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শতভাগ অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করে Work Breakdown Structure (WBS) সংশোধন পূর্বক কর্মপরিকল্পনা নতুন করে প্রণয়ন করতে হবে যাতে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়;

২৩.৫ ভবিষ্যতে ক্রয়সংক্রান্ত বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে;

২৩.৬ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবশিষ্ট অর্থ বরাদ্দ নিশ্চিতসহ কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করতে হবে এবং কর্মপরিকল্পনা মোতাবেক Critical Path Methodঅনুসরণ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৩.৭ প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য একটি পরিপূর্ণ Exit Plan প্রণয়নে এখন হতে সচেষ্ট হতে হবে এবং Exit Plan এর কপি আইএমইডিকে সরবরাহ করতে হবে;

২৩.৮ প্রকল্পটির অগ্রগতি সংক্রান্ত আইএমইডি-০৫ এবং ০৩ ফরমেট অনুযায়ী তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

২৩.৯ ২৩.১ - ২৩.২ এ বর্ণিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

07-02-2016

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক